আজকের কাগজ

২০ NOV 2001
তারিখ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ৫

# বিশ্বের ১০ কোটিরও বেশি শিশু স্কুলে যাবার সুযোগ থেকে বঞ্চিত

বিশ্বে ১০ কোটির বেশি শিশু এখনও স্কুলে যাওয়ার সুযোগ থেকে বঞ্চিত। ইউনেস্কোর মহাপরিচালক ফেদেরিকো মেয়ো সোমবার একথা জানিয়েছেন। মেয়ো বলেন, জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি বিষয়ক সংস্থা ইউনেস্কো মৌলিক শিক্ষাকে জাতীয় ও আন্তর্জাতিকভাবে একটি প্রধান ইস্যুতে পরিণত করার চেষ্টা চালিয়ে যাচ্ছে। ম্যানিলায় শিক্ষা সংক্রান্ত বিষয়ে দক্ষিণ এশিয়ার আঞ্চলিক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে মেয়ো একথা বলেন। খবর রয়টার'র।

ইউনেস্কো মহাপরিচালক বলেন, দক্ষিণ এশিয়া ও আফ্রিকার সাহারা সংলগ্ন অঞ্চলের দেশগুলোর বৈদেশিক ঋণের বোঝা, রাজনৈতিক অস্থিরতা ও চরম দরিদ্রতা শিশু শিক্ষা বিস্তারের প্রচেষ্টাকে বাধাগ্রস্ত করছে। তৃতীয় বিশ্বের দরিদ্রতম দেশগুলোর মধ্যে মাত্র কয়েকটি দেশে শিক্ষার হার ৫০ শতাংশের ওপরে। মেয়ো বলেন, বিভিন্ন কারণে শিক্ষা এখন হুমকির মুখে রয়েছে। তিনি বলেন, বৈদেশিক ঋণের বোঝা, অভ্যন্তরীণ অসন্তোষ ও দারিদ্র্য দক্ষিণ এশিয়া ও সাহারা সংলগ্ন বিভিন্ন দেশে শিক্ষার হার উন্নয়ন ও 'সবার জন্য শিক্ষা' বিষয়টিকে দুরূহ করে তুলেছে। কোনো দেশের নাম উল্লেখ না করে তিনি বলেন, এমনকি অনেক দেশ– যারা শিক্ষাখাতে বাজেটের উল্লেখযোগ্য অংশ ব্যয় করে এবং এ ব্যাপারে ব্যাপক বৈদেশিক সাহায্য লাভ করে তারাও শিক্ষার ক্ষেত্রে একই ধরনের দুরবস্থার মুখোমুখি। মেয়ো আরও বলেন, শিল্পোন্নত ধনী দেশগুলোর সমস্যা অন্যত্র হলেও পরিস্থিতি একই রকমের ভয়াবহ।

ফিলিপাইনের প্রেসিডেন্ট কোরাজন আকিনো তিনদিনব্যাপী এই সম্মেলন উদ্বোধন করেন। উদ্বোধনী ভাষণে তিনি বলেন, অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে শিক্ষাকে জড়িত করা অত্যন্ত প্রয়োজনীয়।

13